

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 23-03-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

CM Reliance Team :

ত্রিপুরার বিকাশের অগ্রগতিকে এগিয়ে নিয়ে যেতে একসাথে মিলে কাজ করার জন্য রিলায়েন্স কর্তৃপক্ষের কাছে আহ্বান রেখেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। ত্রিপুরা রাজ্যে বিনিয়োগের সম্ভাবনা খতিয়ে দেখতে গতকাল আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা'র সঙ্গে সাক্ষাত করেন রিলায়েন্স জিও টিমের এক প্রতিনিধি দল। রিলায়েন্সের উত্তর পূর্বাঞ্চলের বিজনেস প্রধানের নেতৃত্বে প্রতিনিধি দলটি গতকাল মুখ্যমন্ত্রীর সঙ্গে এক আলোচনায় অংশ নিলে মুখ্যমন্ত্রী এই আহ্বান রাখেন। প্রসঙ্গত: রাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে প্রফেসর ডাঃ মানিক সাহা দায়িত্ব গ্রহণের পরেই সর্বক্ষেত্রে বিকাশকে বিশেষ অগ্রাধিকার দিয়েছেন। বিশেষ করে রাজ্যকে শিল্পে স্বয়ম্ভূর করে তুলতে বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিকল্পনা নিয়েছেন তিনি। রাজ্যের নিজস্ব সম্পদ যেমন - রাবার, চা, বাঁশ, আগর, পর্যটন ক্ষেত্র ইত্যাদির উপর ভিত্তি করে শিল্প স্থাপনে বিশেষ গুরুত্ব দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। এরই অংশ হিসেবে গত কিছুদিন আগে মুম্বাই সফরে গিয়ে রিলায়েন্স ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর মুকেশ আম্বানির সাথে বৈঠক করেছিলেন অধ্যাপক ডাঃ মানিক সাহা। সেসময় আম্বানি রিলায়েন্সের টিম ত্রিপুরায় পাঠানোর জন্য মুখ্যমন্ত্রীকে আশ্বাস দিয়েছিলেন।

India GDP Growth :

গত ১০ বছরে ভারতের মোট অভ্যন্তরীণ উৎপাদন (জি. ডি. পি) দ্বিগুন হয়েছে। ২০১৫ সালে ভারতের যে জিডিপির মূল্য ছিল ২.১ ট্রিলিয়ন ডলার তা গত ১০ বছরে ১০৫ শতাংশ বৃদ্ধি হয়েছে - ফলে ২০২৫ সালে দেশের জিডিপি ৪.৩ ট্রিলিয়ন ডলার হয়েছে। আন্তর্জাতিক মুদ্রা ভান্ডার, আইএমএফ প্রকাশিত তথ্য অনুযায়ী, মার্কিন যুক্তরাষ্ট্র, চীন, জার্মানি এবং জাপানের পরে ভারত এখন জিডিপির দিক থেকে বিশ্বের পঞ্চম বৃহত্তম দেশ। আই এম এফ আরো বলেছে, ভারত শীঘ্রই জাপানকে ছাড়িয়ে যেতে এগিয়ে চলেছে, কারণ গত এক দশকে জাপানের জিডিপি বৃদ্ধি হয়নি। অন্যদিকে, মার্কিন যুক্তরাষ্ট্র এবং চীনে জিডিপি একই ১০ বছর সময়কালে যথাক্রমে ৬৬ শতাংশ এবং ৪৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

Block 357 Gaming Site :

Directorate General of Goods and Service Tax Intelligence বা পণ্য ও পরিষেবা কর অনুসন্ধান বিভাগ, ডিজিজিআই এর মহা নির্দেশক কার্যালয়, অবৈধভাবে অনলাইনে বিদেশী অর্থ লেনদেনের অভিযোগে ৩৫৭টি গেমিং ওয়েবসাইট ব্লক করে দিয়েছে। দেশী এবং বিদেশী উভয় অংশের প্রায় ৭০০ জন এই ধরনের অবৈধ অর্থ লেনদেনের সাথে জড়িত রয়েছে বলে জানা গেছে। এ বিষয়ের অনলাইনে বিদেশী অর্থ লেনদেনের বহু গেমিং ওয়েবসাইট

এর ওপর কঠোর নজরদারি রাখা হয়েছে। অর্থ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে এই সংস্থাগুলো জিএসটি রেজিস্ট্রেশন না করে, অনুশাসন ও বিধান কে লঙ্ঘন করে জিএসটি ফাঁকি দিয়ে কাজ করছে। সম্প্রতি ডিজিজিআই এর অভিযানে এই ধরনের বেআইনি কাজের সাথে জড়িত বহু সংস্থাকে ব্লক করা হয়েছে যারা বেআইনিভাবে অর্থ সংগ্রহ চলেছে এবং তাদের সাথে প্রায় দুই হাজার ব্যাংক অ্যাকাউন্ট যুক্ত রয়েছে এবং এদের মাধ্যমে প্রায় চার কোটি টাকা লেনদেন হয়েছে।

Minister Sushanta Chowdhury :

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যের পর্যটন শিল্পকে বিশ্বের মানচিত্রে তুলে ধরতে কেন্দ্র ও রাজ্য সরকার প্রয়াস চালিয়ে যাচ্ছে গতকাল জিরানিয়া বিধানসভা এলাকার শচীন্দ্রনগরে অত্যাধুনিক ইকো পার্কের প্রস্তাবিত জায়গা পরিদর্শন করে পর্যটনমন্ত্রী শ্রী চৌধুরী একথা বলেন। পর্যটনমন্ত্রী জানান, শচীন্দ্রনগরে অত্যাধুনিক পার্কে পর্যটকদের আকর্ষণের জন্য বিভিন্ন সুবিধা রাখা হবে। তিনি বলেন, পার্কটি গড়ে উঠলে রাজ্যের পর্যটন মানচিত্রে নতুন পালক যুক্ত হবে। এলাকার বিকাশ হবে। বেকারদের কর্মসংস্থানের বিশেষ সুযোগ থাকবে। এদিন মন্ত্রী শচীন্দ্রনগরের এলাকাবাসীদের সঙ্গেও আলোচনা করেছেন।

Observation of High court day :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল সন্ধ্যায় আগরতলায় ১২ তম ত্রিপুরা হাইকোর্ট দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। ত্রিপুরা হাইকোর্ট চত্বরে

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং, বিচারপতি টি অমরনাথ গৌড় , বিচারপতি অরিন্দম লোধ, বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থ, বিচারপতি বিশ্বজিৎ পালি, অ্যাডভোকেট জেনারেল শক্তিময় চক্রবর্তী প্রমুখ।

DOL UTSAB :

তথ্য সংস্কৃতি দপ্তর, জেলা শিক্ষা আধিকারিক ও পুর পরিষদের যৌথ উদ্যোগে গতকাল উত্তর জেলার ধর্মনগর অনুষ্ঠিত হয় দোল উৎসব। এই উপলক্ষে ধর্মনগর বীর বিক্রম ইনস্টিটিউশন মাঠ থেকে একটি বর্ণাঢ্য রেলি বের হয়। এই রেলির সূচনা করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সাংস্কৃতিক প্রতিষ্ঠান শিল্পীরা অংশগ্রহণ করে। পরে শিশুদের সঙ্গে দোল উৎসবে অংশ নেন অধ্যক্ষ।

BASANT UTSAB :

রাজধানীর শহর দক্ষিণাঞ্চলের স্বামী বিবেকানন্দ ক্লাবের উদ্যোগে গতকাল বসন্ত উৎসব উদযাপন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন রাজ্যের তিন প্রখ্যাত শিল্পী শিবপ্রসাদ ধর, পান্না দত্ত ও রীতা চক্রবর্তী। পরে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ কোথাও কোথাও হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। তাছাড়া বিক্ষিপ্ত ভাবে কোথাও কোথাও দমকা,হাওয়া বা,ঝড়ে হাওয়া বয়ে যেতে পারে বলে সতর্কবার্তা দেওয়া হয়েছে। আগতলায় আজ ভোর সর্বনিম্ন তাপমাত্রা সামান্য কমে হয়েছে ১৯ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৮ ডিগ্রির কাছাকাছি।
